



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১০২

তারিখ : ০৩/০৮/২০২৩ খ্রি.

বিষয় : ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট, হাজিরাপত্র ও সিটপ্লান কেন্দ্র থেকে ডাউনলোড সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এইচএসসি-২০২৩ খ্রি: পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁর কেন্দ্রের অর্ন্তভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট (Excel Sheet সহ), হাজিরাপত্র ও সিটপ্লান (Server এ Seat লিখা আছে) আগামী ০৬/০৮/২০২৩ খ্রি: তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিম্নলিখিত পদ্ধতিতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে:

ধাপ ০১- বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) ভিজিট করতে হবে।

ধাপ ০২- বামপার্শ্বের মেনু গুলোর মধ্যে থেকে “Admit Card (HSC)” অপশনে ক্লিক করতে হবে।

ধাপ ০৩- Centre Code এবং কেন্দ্র প্রতিষ্ঠানের Password লিখে Login বাটনে ক্লিক করতে হবে।

ধাপ ০৪- ডানপার্শ্বের ভিন্ন ভিন্ন “Print” বাটন থেকে প্রবেশপত্র, রোলশীট (Excel Sheet সহ), হাজিরাপত্র ও সিটপ্লান (Server এ Seat লিখা আছে) প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই A4 সাইজ (80gm) কাগজে রঙিন প্রিন্টারে প্রিন্ট দিতে হবে এবং পরীক্ষার্থীর “অবশ্যই পালনীয় নিয়মাবলী”(Student Instruction) প্রত্যেক প্রবেশপত্রের উল্টো পাশে প্রিন্ট করতে হবে। প্রবেশপত্র প্রিন্টের সময় প্রবেশপত্রে তথ্যের বোধগম্যতার বিষয়ে অবশ্যই দৃষ্টি দিতে হবে। Centre Code এবং Password লিখে Login করার পর Student Instruction বাটন প্রদর্শিত হবে। কেন্দ্রের অর্ন্তভুক্ত প্রতিষ্ঠানগুলো কেন্দ্র থেকে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করবে। প্রবেশপত্রে যে কোন ধরনের সমস্যা (ভুল, বিভ্রাট, সংখ্যাগত গরমিল) পরিলক্ষিত হলে আগামী ১৪/০৮/২০২৩খ্রি: তারিখের মধ্যে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রাপ্ত প্রবেশপত্রসহ পরীক্ষা শাখায় আবেদনের মাধ্যমে প্রবেশপত্র সংক্রান্ত জটিলতা নিষ্পত্তি করা যাবে তবে ‘এইচএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০২৩’ এর সেকশন ২৮ অনুযায়ী প্রত্যেক পরীক্ষার্থীর আসন বিন্যাস বোর্ড কর্তৃক নির্ধারিত হবে বিধায় এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য নয়। ১৪/০৮/২০২৩ তারিখের পর প্রবেশপত্রে জটিলতা সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না এবং এ সংক্রান্ত সকল তথ্যাদি সঠিক আছে মর্মে বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। ১৪ আগস্ট ২০২৩ খ্রি: থেকে বোর্ড এ ব্যাপারে দায়মুক্ত বলে গণ্য হবে।

প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা,
অত্র বোর্ডের আওতাধীন সকল
উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র/২০২৩।

০৩/০৮/২০২৩

(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৩। অধ্যক্ষ, অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৫। অফিস কপি।